

বাংলাদেশ নির্বাচন কমিশন  
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, দুর্গাপুর, নেত্রকোণা  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিলকারীগণের প্রয়োজনীয় তথ্যাদি  
সংসদীয় আসনঃ ১৫৭ নেত্রকোণা- ১ (দুর্গাপুর)  
মোট ভোটার সংখ্যাঃ ১৯৬১০৩  
ছবিছাড়া ভোটার তালিকার সিডি ক্রয় সংক্রান্ত

ট্রেজারি চালানের কোড	টাকার পরিমাণ	মন্তব্য
১০৬০১০১১০০১২৫-১৪২৩২৫৩	১২০০০/- (বার হাজার) টাকা	সকল জমা অটোমেটেড চালান (এ-চালান) সিস্টেমের মাধ্যমে জমা প্রদান করতে হবে।

উল্লেখ্য, আগ্রহী প্রার্থীদের অবশ্যই ভোটার তালিকার সিডি ক্রয়ের টাকা জমাদানের ট্রেজারি চালানের কপি (এ-চালান) জমা দিয়ে মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে।

জামানত সংক্রান্ত তথ্যাদি

ট্রেজারি চালানের কোড	জামানতের টাকার পরিমাণ	মন্তব্য
1090302101443-8113501	২০,০০০/- (বিশ হাজার) টাকা	সকল জমা অটোমেটেড চালান (এ-চালান) সিস্টেমের মাধ্যমে জমা প্রদান করতে হবে।

উল্লেখ্য, সকল জমা অটোমেটেড চালান (এ-চালান) সিস্টেমের মাধ্যমে জমা প্রদান করতে হবে।

নির্বাচনি ব্যয় সীমাঃ রাজনৈতিক দল কর্তৃককৃত খরচসহ নির্বাচনি ব্যয় ২৫ (পঁচিশ) লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। (উল্লেখ্য প্রতিদ্বন্দী প্রার্থীর নির্বাচনি ব্যয় তাঁর নির্বাচনি এলাকার ভোটার সংখ্যার ভিত্তিতে মাথাপিছু হারে নির্ধারণ করে সরকারি গেজেটে প্রজ্ঞাপন প্রকাশ করা হবে)।

মনোনয়নপত্র দাখিল করার জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

- ০১। যথাযথভাবে পূরণকৃত ও স্বাক্ষরিত মনোনয়ন ফরম। (ফরম-১)
- ০২। জামানত বাবদ নির্ধারিত অর্থ জমাদানের ট্রেজারি চালান/ পে-অর্ডার/।
- ০৩। ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প যথাযথভাবে পূরণকৃত হলফনামা (সংযুক্তি-১)।
- ০৪। নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী (ফরম-২০)
- ০৫। প্রার্থীর সম্পদ ও দায় এবং বাৎসরিক আয় ও ব্যয়ের বিবরণী (ফরম-২১)
- ০৬। সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার (যদি থাকে) সনদের সত্যায়িত কপি।
- ০৭। ১২ ডিজিটের TIN সনদের কপি (করদাতা সনাক্তরণ নম্বর), আয়কর রিটার্নের কপি ও আইটি-১০B (সম্পদের বিবরণী) এবং সর্বশেষ আয়কর পরিশোধের প্রমানপত্র।
- ০৮। রাজনৈতিক দলীয় প্রার্থী হলে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত দলীয় মনোনয়ন (মনোনয়ন ফরমের সংযুক্তি-২ অনুযায়ী)।
- ০৯। স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রেঃ  
সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ০১% ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা; তবে কোন প্রার্থী জাতীয় সংসদের সদস্য পদে ইতোপূর্বে নির্বাচিত হয়ে থাকলে তাঁর জন্য ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল করতে হবে না; তবে নির্বাচিত হওয়ার গেজেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ১০। প্রার্থীর সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
- ১১। যেকোন তফসিলি ব্যাংকে নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য নতুন ব্যাংক একাউন্ট খোলার রশিদ। নির্বাচনের সমুদয় ব্যয় এই একাউন্ট নম্বর হতে করতে হবে এবং নির্বাচনের পরে যে ব্যয়ের রিটার্ন জমা দিতে হবে তার সাথে এই একাউন্টের স্ট্যাটমেন্টও জমা দিতে হবে।
- ১২। প্রার্থী/ প্রস্তাবকারী/সমর্থনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ১৩। প্রার্থী/প্রস্তাবকারী/সমর্থনকারীর ভোটার তালিকার সংশ্লিষ্ট অংশের ফটোকপি।
- ১৪। প্রার্থীর নাম পিতার নাম ও মাতার নাম ইংরেজিতে আলাদা কাগজে লিখে জমা দিতে হবে।

মনোনয়নপত্র দাখিলকারীর পূর্ণ নাম (বাংলা ও ইংরেজীতে)	পিতার নাম (বাংলা ও ইংরেজীতে)	মাতার নাম (বাংলা ও ইংরেজীতে)	স্বামীর নাম (বিবাহিতা মহিলার ক্ষেত্রে) (বাংলা ও ইংরেজীতে)	জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর ১০/১৩/১৭ ডিজিট	করদাতা সনাক্তকরণ সংখ্যা (TIN)	জন্ম তারিখ	ঠিকানা	
							স্থায়ী	বর্তমান
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

বিঃদ্রঃ মনোনয়নপত্রসহ সকল দলিলাদি A4 সাইজ কাগজে পরিষ্কারভাবে ফটোকপি করে মূল মনোনয়নপত্রসহ সর্বমোট ০৩ (তিন) সেট জমা দিতে হবে।

\*\*\* অনলাইনে মনোনয়ন দাখিল করতে ভিজিট করুনঃ [www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd) (অনলাইন মনোনয়ন পত্র দাখিল লিংকে ক্লিক করুন) অথবা, <https://onss.ecs.gov.bd>